দৈনিক খবর

তারিখ ... 09 AUG 1989 ...
পৃষ্ঠা ... 6 কলাম 5 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



# আমাদের শিক্ষার পরিবেশ ও গুরুত্ব

॥ মাহফুজুর রহমান রিমন ॥

শিক্ষাই জাতির মেরুদন্ড। প্রত্যেক রাষ্ট্রেরই নিজস্ব একটা সমাজব্যবস্থা থাকে। সেরূপ সমাজব্যবস্থা রক্ষার জন্য অনুরূপ শিক্ষাব্যবস্থাও থাকে। শিক্ষা মানুষকে মানুষের সাথে আচার-আচরণ শেখায় এবং সামাজিক বস্তুর বিন্যাস সম্বন্ধে ধারণা দেয়। বিশেষ বিশেষ শিক্ষাব্যবস্থা বিশেষ বিশেষ সমাজব্যবস্থা এবং এর রক্ষা শিখার মাধ্যমেই গড়ে ওঠে।

দেশের সমাজব্যবস্থাকে সুসংহত করার জন্যে শিক্ষা একান্তভাবে অপরিহার্য। শিক্ষা গুণাবলী বিকাশে এবং সুনাগরিকতা অর্জনে সহায়তা করে। সুনাগরিক দ্বারাই সুন্দর রাষ্ট্রের কল্পনা করা যায়। সুশিক্ষা নাগরিকদের তার কর্তব্য সম্পাদন ও দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করে। সুযোগ্য নেতৃত্ব সৃষ্টির জন্যও শিক্ষার প্রয়োজন রয়েছে। শিক্ষাই মানুষের দৃষ্টিভঙ্গী প্রসার করে, কুসংস্কার ও গোঁড়ামী দূর করে। এবং মার্জিত রুচি ও আত্মপ্রত্যয় অর্জনে সাহায্য করে। শিক্ষা মানব জীবনে অপরিসীম গুরুত্বপূর্ণ বিষয়।

কিন্তু বর্তমানে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে আমাদের বহুবিধ সমস্যা রয়েছে। বিশেষ করে শহরাঞ্চলে শিক্ষার কিছুটা পরিবেশ থাকলেও সাধারণভাবে গ্রামের পরিবেশ তার অনুকূল নয়। কেননা শহরে সাধারণতঃ শিক্ষিত লোকের বাস, বিভিন্ন অফিস-আদালতের সংখ্যা শহরেই বেশী। এসব অফিস-আদালতে শিক্ষিত লোকেরাই কাজ করেন। ফলে তারা তাদের সন্তান-সন্ততিদেরও লেখাপড়া শেখানোর জন্যে সচেষ্ট থাকেন। এ কারণে শহরে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠে বেশী, শহর এলাকায় রাস্তা-ঘাট উন্নত হওয়ার যাতায়াত ও যানবাহনে গ্রামের চেয়ে ভাল। তাই ছেলে-মেয়েদের স্কুলে বা মাদ্রাসায় পাঠানো সহজ। শহরে শিক্ষকের সংখ্যাও গ্রাম থেকে অনেক বেশী। শিক্ষাক্ষেত্রে আধুনিক সুযোগ-সুবিধা শহরেই কেন্দ্রীভূত। তাই শহরে শিক্ষার একটি সুন্দর পরিবেশ বিরাজ করে।

অবশ্য শিক্ষার ব্যাপারে শহরাঞ্চলে অসুবিধা বা সমস্যা যে একেবারেই নেই এমন নয়। শিক্ষাক্ষেত্রে বর্তমানে বিরাজ করছে নৈরাজ্য। আজও তা কাটিয়ে উঠা সম্ভব হয়নি। বর্তমানে শিক্ষার সে শান্তি ও সাবলীল পরিবেশ আর নেই। রাজনৈতিক অস্থিরতা সব সময়ই শিক্ষার পরিবেশকে কলংকিত করছে।

প্রতিনিয়তই এখানে রয়েছে ধর্মঘট আর হরতাল। অন্যদিকে ছাত্র-ছাত্রী বৃদ্ধি পাওয়ায় স্থান সংকুলান হয় না। ফলে প্রতিবছরেই শহরে ভর্তি সমস্যা জটিল হয়ে দেখা দিয়েছে। উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের দারুণ অভাব দেখা দিয়েছে। গ্রামের স্কুলগুলোর কথা বাদ দেয়া হল। কারণ শহরে এত সংখ্যক স্কুল, কলেজ স্থাপিত হচ্ছে যে, তার তুলনায় সমস্ত শিক্ষককে প্রশিক্ষণ সম্ভব হচ্ছে না। বর্তমানে শহরে জীবনযাত্রাও অত্যন্ত সংকটময় হয়ে যাচ্ছে। বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। অথচ প্রতিবছরই খাদ্য ঘাটতি বেড়েই চলছে। সাথে সাথে দ্রব্যমূল্যও বাড়ছে অস্বাভাবিক হারে। তাই দ্রব্যমূল্যের সমস্যা দূর করা সম্ভব হবে না।